ইয়ামালকে আল হিলালের ৫২৬০ কোটি টাকার প্রস্তাব, ফিরিয়ে দিল বার্সেলোনা



সংগৃহীত ছবি

মাত্র ১৮ বছর বয়সী বার্সেলোনার উদীয়মান তারকা লামিন ইয়ামালের জন্য সৌদি ক্লাব আল হিলাল দিয়েছে ৪০০ মিলিয়ন ইউরোর (প্রায় ৫২৬০ কোটি টাকা) অবিশ্বাস্য প্রস্তাব। তবে বার্সেলোনা জানিয়েছে, ইয়ামাল বিক্রির তালিকায় নেই—তিনি ক্লাবের ভবিষ্যৎ পরিকল্পনার মূল কেন্দ্রবিন্দু।

ফুটবল বিশ্বের আলোচনার কেন্দ্রবিন্দুতে এখন লামিন ইয়ামাল। মাত্র ১৮ বছর বয়সেই বার্সেলোনার হয়ে দুর্দান্ত পারফরম্যান্সে বিশ্বজুড়ে নজর কেড়েছেন এই তরুণ ফরোয়ার্ড। তার গতি, নিখুঁত পাস আর পরিণত সিদ্ধান্ত ইতোমধ্যে তাকে পরিণত করেছে ক্লাব ও দেশের ভবিষ্যতের বড় ভরসায়।

স্প্যানিশ সংবাদমাধ্যম Fichajes.net জানিয়েছে, সৌদি আরবের ক্লাব আল হিলাল ইয়ামালকে দলে টানতে দিয়েছে ৪০০ মিলিয়ন ইউরো (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫২৬০ কোটি টাকা) মূল্যের প্রস্তাব, সাত বছরের চুক্তির শর্তে। এই প্রস্তাব গৃহীত হলে সেটি ফুটবল ইতিহাসের সবচেয়ে ব্যয়বহুল ট্রান্সফার হতো।

তবে বার্সেলোনা শুরু থেকেই তাদের অবস্থান স্পষ্ট করেছে—"লামিন ইয়ামাল বিক্রির জন্য নয়।" ক্লাবের এক কর্মকর্তা বলেন, "ইয়ামাল আমাদের ভবিষ্যৎ, আমাদের প্রকল্পের কেন্দ্রবিন্দু। তাই তাকে বিক্রির প্রশ্নই আসে না।" বার্সেলোনা আরও জানায়, তারা এখনো আল হিলালের কোনো আনুষ্ঠানিক প্রস্তাব পায়নি।

এর আগেও ইয়ামালকে দলে নিতে ইউরোপের ক্লাবগুলো লড়েছে। গত বছর ফরাসি জায়ান্ট পিএসজি তাকে নিয়ে ২০০ মিলিয়ন ইউরোর প্রস্তাব দিয়েছিল, কিন্তু সেটিও ফিরিয়ে দিয়েছিল বার্সেলোনা।

সম্প্রতি ইয়ামাল বার্সার সঙ্গে ২০৩১ সাল পর্যন্ত নতুন চুক্তিতে সই করেছেন। নতুন চুক্তি অনুযায়ী, তার বার্ষিক আয় প্রায় ২০ মিলিয়ন ইউরো, যার মধ্যে রয়েছে ১০ মিলিয়ন ইউরো স্থায়ী বেতন, ২৫ মিলিয়ন ইউরোর সাইনিং বোনাস (ছয় বছরে ভাগ করা), এবং পারফরম্যান্সভিত্তিক নানা ইনসেনটিভ।

তবে বর্তমানে ইয়ামালকে মাঠের বাইরে থাকতে হচ্ছে কুঁচকির ইনজুরির কারণে। রিয়াল সোসিয়েদাদ ও পিএসজির বিপক্ষে খেলার পর চোট আবারও ফিরে আসে, ফলে সেভিয়ার বিপক্ষে খেলতে পারেননি এবং জাতীয় দলের দায়িত্ব থেকেও বিরতি নিতে হয়েছে।

মাত্র ১৮ বছর বয়সেই ক্লাবের আস্থা, কোটি টাকার প্রস্তাব আর অজস্র নজর—ইয়ামাল যেন ফুটবল দুনিয়ার নতুন কিংবদন্তি হয়ে ওঠার পথে।